



জাতীয় নির্বাচন সামনে রেখে ছুটিতেও মনোনয়ন যাচাই অব্যাহত



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে প্রার্থীদের মনোনয়নপত্র যাচাই-বাছাই কার্যক্রমে ব্যস্ত সময় পার করছে নির্বাচন কমিশন (ইসি)। নির্ধারিত সময়সূচি অনুযায়ী এ প্রক্রিয়া আগামী ৪ জানুয়ারি পর্যন্ত চলবে বলে জানিয়েছে ইসি।

শুক্রবার (২ জানুয়ারি) সরকারি ছুটি থাকলেও রাজধানীর নির্বাচন কমিশন সচিবালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয় এবং দেশের বিভিন্ন জেলায় সকাল থেকেই যাচাই-বাছাই কার্যক্রম অব্যাহত থাকে। এবারের নির্বাচনে অংশ নিতে ৫১টি রাজনৈতিক দল ও স্বতন্ত্র প্রার্থীদের মিলিয়ে মোট ২ হাজার ৫৬৯টি মনোনয়নপত্র জমা পড়েছে, যা যাচাইয়ে ইসির কর্মকর্তা-কর্মচারীরা একযোগে কাজ করছেন।

ইসি সূত্রে জানা গেছে, প্রার্থীদের জমা দেওয়া

মনোনয়নপত্র নির্বাচন আইন ও বিধিমালা অনুযায়ী খতিয়ে দেখা হচ্ছে। নির্ধারিত যোগ্যতা পূরণ না করা, হলফনামায় তথ্যের অসঙ্গতি, প্রয়োজনীয় কাগজপত্রের ঘাটতি কিংবা এক শতাংশ ভোটারের স্বাক্ষরে ত্রুটি পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রার্থীর মনোনয়ন বাতিল হতে পারে।

যেসব প্রার্থীর মনোনয়নপত্র যাচাই-বাছাইয়ে বাতিল ঘোষণা করা হবে, তারা আগামী ৫ থেকে ৯ জানুয়ারির মধ্যে নির্বাচন কমিশনে আপিল করার সুযোগ পাবেন। আপিল নিষ্পত্তি শেষে চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করবে ইসি।

এদিকে, ঘোষিত তফসিল অনুযায়ী ২০ জানুয়ারি পর্যন্ত প্রার্থিতা প্রত্যাহারের সুযোগ থাকবে। এরপর প্রতীক বরাদ্দ সম্পন্ন হলে জাতীয় সংসদ নির্বাচনের আনুষ্ঠানিক প্রচার-প্রচারণা শুরু হবে বলে জানিয়েছে নির্বাচন কমিশন।